

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 06 May, 2025

ময়মনসিংহের গফরগাঁওয়ে এসএসসি কারিগরী শাখায় গাইড বই দেখে পরীক্ষা দেয়ায় ৮ শিক্ষার্থী, ও মোবাইল রাখায় তিন শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৬ মে) দুপুরে উপজেলার গফরগাঁও মহিলা কলেজ কেন্দ্রে ট্রেড ২য় পত্র পরীক্ষায় এ ঘটনা ঘটে।

গফরগাঁও সহকারী কমিশনার (ভূমি) আমির সালমান রনি বলেন, গফরগাঁও মহিলা কলেজ কেন্দ্রে ট্রেড ২য় পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার দায়ে তিনটি কক্ষ থেকে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত শিক্ষার্থীদের কাছে মোবাইল ও গাইড বই জব্দ করা হয়েছে।

অপরদিকে, জেএম কামিল মাদ্রাসা কেন্দ্রে মোবাইল ফোন রাখায় ২ জন কক্ষ পর্যবেক্ষককে তাৎক্ষণিকভাবে পরীক্ষার দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। এছাড়া ইসলামিয়া সরকারি স্কুল কেন্দ্রে মুজিবুর রহমান উচ্চ বিদ্যালয়ে মোবাইল রাখা এবং বোর্ডের নীতিমালা ভঙ্গ করে নিজের মেয়ে পরীক্ষার্থী হওয়ার পরেও দায়িত্ব পালন করায় দায়িত্ব হতে অব্যাহতি দেয়া হয়েছে।

গফরগাঁও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনএম আবদুল্লাহ আল মামুন বলেন, পরীক্ষায় কোন রূপ অসদুপায় অবলম্বন না করার জন্য অভিভাবকদের সহযোগিতা চাই। নকলের বিরুদ্ধে উপজেলা প্রশাসন গফরগাঁও'র 'জিরো টলারেন্স' নীতি অব্যাহত থাকবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:55

URL: <https://www.timestodaybd.com/public/mymensingh/7758072041>